



17 সেপ্টেম্বর 2021

আপনার NHS নম্বর: [NHS NUMBER]

প্রিয় [Patient],

আপনার জন্য কোভিড-19 সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

আমি আপনাকে লিখছি কারণ আপনি পূর্বে কোভিড-19 এর ক্ষেত্রে চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন অবস্থায় আছেন বলে চিহ্নিত হয়েছিলেন। এর মানে হলো, আপনাকে ভাইরাসটি ধরতে আপনি খুব বেশি অসুস্থ হয়ে পড়ার উচ্চ ঝুঁকিতে থাকবেন বলে মনে করা হয়েছিলো এবং অতীতে আপনাকে হয়তো সুরক্ষিতভাবে থাকার পরামর্শ দেওয়া হয়েছিলো।

সরকার আপনাকে মার্চ মাসে এটি জানাতে লিখেছিল যে 1^{লা} এপ্রিল 2021 তারিখ থেকে সুরক্ষিতভাবে থাকার পরামর্শে বিরতি দেওয়া হচ্ছে। 19^{শে} জুলাই 2021 থেকে আপনাকে অন্য সবার মতো একই নির্দেশনা অনুসরণ করার পরামর্শ দেওয়া হয়েছিলো, যখন আপনি কোভিড-19 -এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা কমাতে যেসব অতিরিক্ত সতর্কতা নিতে পারেন সেগুলো সম্পর্কে চিন্তা করতে পারেন।

এখন যেহেতু সমস্ত প্রাপ্তবয়স্ক জনগোষ্ঠীকে টিকা নেওয়া আহ্বান করা হয়েছে, যাদেরকে পূর্বে চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন অবস্থায় আছেন বলে চিহ্নিত করা হয়েছিল তাদেরকে সহ এবং অন্যান্য চিকিৎসা ও পরিচর্যার উপায়গুলো পাওয়া যাচ্ছে, সেহেতু আমার বিশ্বাস এটিই সুরক্ষিতভাবে থাকার বা শিল্ডিং প্রোগ্রামটি শেষ করার সঠিক সময়। এর মানে হলো যে বর্তমান পরিস্থিতি বিবেচনা করে আপনাকে ভবিষ্যতে সুরক্ষিতভাবে থাকার পরামর্শ দেওয়া হবে না এবং আমরা আপনাকে অনুসরণ করার জন্য নির্দিষ্ট কোনো জাতীয় নির্দেশিকা প্রদান করবো না।

অন্য সবার মতো আপনারও এই আধারণ নির্দেশনা অনুসরণ করা চালিয়ে যাওয়া উচিত, যা www.gov.uk/coronavirus -এ পাওয়া যাবে, সেই সাথে সাম্প্রতিক সপ্তাহগুলোতে আপনার বিশেষজ্ঞ আপনাকে পরিস্থিতি অনুযায়ী নির্ধারিত কোনো পরামর্শ দিয়ে থাকলে সেগুলোও। স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন একজন হিসেবে আপনি নিজেকে এবং অন্যদের সুরক্ষিত রাখতে যে অতিরিক্ত জিনিসগুলো করতে পারেন সে সম্পর্কে চিন্তা করতেও ইচ্ছুক হতে পারেন। এতে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- আপনার এবং আপনি যাদের সাথে দেখা করছেন তাদের টিকা দেওয়া হয়েছে কিনা তা বিবেচনা করা - অন্যদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগের আগে আপনি প্রত্যেকের কোভিড-19 টিকার দ্বিতীয় ডোজের পর 14 দিন পর্যন্ত অপেক্ষা করতে চাইতে পারেন।
- সামাজিক দূরত্ব বজায় রাখার চর্চা চালিয়ে যাওয়ার ব্যাপারে বিবেচনা করা, যদি তা আপনার এবং আপনার বন্ধুদের জন্য সঠিক বলে মনে হয়
- আপনার সাথে দেখা করতে আসার আগে বন্ধু-বান্ধব এবং পরিবারকে একটি রেপিড ল্যাটারাল ফ্লো অ্যান্টিজেন টেস্ট করতে বলা
- বাড়িতে আসা অভ্যাগতদের মুখের আবরণী পরিধান করতে বলা
- জনবহুল স্থানগুলো এড়িয়ে চলা



মহামারীর শুরুতে আমরা কোভিড-19 সৃষ্ট হুমকি সম্পর্কে খুব কমই জানতাম এবং যাদেরকে আমরা চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন অবস্থায় আছেন বলে বিবেচনা করেছিলাম তাদেরকে ভাইরাস থেকে তাদের নিজেদের রক্ষা করার জন্য সুরক্ষিতভাবে থাকার পরামর্শ দেওয়ার কঠিন সিদ্ধান্ত নিয়েছিলাম। সেই সময় এটি সঠিক সিদ্ধান্ত ছিল এবং আমরা যখন কোভিড-19 সম্পর্কে আরো বেশি জানছিলাম তখন সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা মানুষদের নিরাপদে রাখতে সাহায্য করেছিল।

আমি জানি সুরক্ষিতভাবে থাকার পরামর্শ নিয়ন্ত্রণমূলক এবং এটি মানসিক ও শারীরিক উভয় ক্ষেত্রের সুস্থতাকে প্রভাবিত করতে পারে। তাই এটি গুরুত্বপূর্ণ যে আমরা যাতে বিপন্ন ব্যক্তিদের সুরক্ষিত রাখা এবং সবাইকে স্বাভাবিক জীবনে ফিরে যেতে সাহায্য করার মধ্যে সঠিক ভারসাম্য রক্ষা করি। যদিও আক্রান্তের সংখ্যা বেড়ে গিয়েছে, তবে গুরুতর অসুস্থ হয়ে পড়া এবং হাসপাতালে যাওয়ার প্রয়োজন হওয়া বা মারা যাওয়ার ক্ষেত্রে একই রকমের বৃদ্ধি ঘটেনি। এটি অনেকটা টিকা কার্যক্রম এতটা সফল হওয়ার কারণে হয়েছে। টিকা দেওয়া হচ্ছে আপনার নিজেবে এবং অন্য মানুষদের রক্ষা করার সর্বোত্তম উপায়। কোভিড-19 এর কারণে মানুষের গুরুতর অসুস্থ হয়ে পড়া থামাতে টিকাগুলো খুবই কার্যকর, তাই আমি আপনাকে টিকার সমস্ত প্রস্তাবিত ডোজগুলো নিতে দৃঢ়ভাবে উৎসাহিত করব।

সুরক্ষিতভাবে থাকার পরামর্শের বিষয়ে সমস্ত সরকারি সিদ্ধান্ত সর্বশেষ বৈজ্ঞানিক প্রমাণ দ্বারা পরিচালিত হয়েছে এবং পরামর্শ আপ-টু-ডেট রাখা হয়েছে। এখন যাহেতু খুব বেশি অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি কম, আমার বিশ্বাস সুরক্ষিতভাবে থাকার প্রোগ্রামটি পালন করার এবং অন্তর্নিহিত স্বাস্থ্য সমস্যা যুক্ত মানুষদের তাদের স্বাভাবিক ব্যক্তিগত পরিচর্যা পদ্ধতিতে ফিরে যাওয়ার পরামর্শ দেওয়ার এটিই সঠিক সময়।

কোভিড-19 টিকা

অধিকাংশ মানুষ টিকা নিয়ে ভালোভাবে সুরক্ষিত থাকলেও, কোন টিকাই 100% কার্যকরী নয়। বিশেষ করে, যে সকল মানুষ দুর্বল রোগ-প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন, তারা কোভিড-19 টিকা নিলে তাদের উপর টিকা অন্যদের মতো ভালোভাবে কাজ করবে না। এই কারণে, 1^{লা} সেপ্টেম্বর তারিখে জয়েন্ট কমিটি অন ভ্যাকসিনেশন অ্যান্ড ইমিউনাইজেশন (JCVI) পরামর্শ দেয় যে, 12 বছরের বেশি বয়সী যে সকল মানুষ তাদের প্রথম অথবা দ্বিতীয় ডোজের সময় বা কাছাকাছি সময়ে গুরুতরভাবে দুর্বল রোগ-প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ছিলো, তাদেরকে কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষিত রাখার সম্ভাবনা বৃদ্ধি করতে তাদের প্রাথমিক টিকাদান কোর্সের অংশ হিসেবে টিকার একটি তৃতীয় ডোজ প্রদান করা উচিত। এই পরামর্শটি আপনার ক্ষেত্রেও প্রযোজ্য হতে পারে যদি আপনার রোগ-প্রতিরোধ ব্যবস্থাকে প্রভাবিত করার মতো আপনার কোনো অবস্থা থাকে বা কোন ঔষধ নিয়ে থাকেন, তবে এই পত্রটি পাওয়া সকলেই তৃতীয় ডোজের জন্য যোগ্যরূপে বিবেচিত হবেন না। কাদের জন্য এটি প্রযোজ্য হবে, সে সম্পর্কিত আরো বিস্তারিত এখানে পাওয়া যাবে: [জয়েন্ট কমিটি অন ভ্যাকসিনেশন অ্যান্ড ইমিউনাইজেশন \(JCVI\)-এর তৃতীয় প্রাথমিক ডোজ টিকা সংক্রান্ত পরামর্শ - GOV.UK \(www.gov.uk\)](#)

সকল কোভিড-19 টিকারই কিছু সুরক্ষা দেওয়া উচিত, তাই এমনকি আপনার যদি এমন কোন ধরনের অবস্থা থাকে বা আপনি এমন কোনো ঔষধ নিয়ে থাকেন যা আপনার রোগ-প্রতিরোধ ব্যবস্থাকে প্রভাবিত করে, তারপরও আপনার টিকা নেওয়া উচিত। টিকাদান কার্যক্রমটি যারা (টিকা নেওয়ার) উপযুক্ত তাদের সকলের জন্য উন্মুক্ত এবং প্রাপ্তিসাধ্য থাকবে। যেকোনো কারণেই হোক আপনি যদি টিকা নিতে না পারেন, অথবা যদি আপনার রোগ-প্রতিরোধ ক্ষমতা দুর্বল থাকে, তাহলে আপনার নিজেকে এবং অন্যদেরকে নিরাপদ রাখতে সাহায্যের জন্য এই পত্রের শুরুতে তালিকাভুক্ত সতর্কতাগুলো নেওয়ার ব্যাপারে আপনার দৃঢ়ভাবে বিবেচনা করা উচিত।



Department of Health & Social Care

JCVI পৃথকভাবে টিকা বুস্টার কার্যক্রম বিষয়ক পরামর্শ প্রকাশ করেছে, যা এখানে পাওয়া যাবে: [শীতকালীন 2021 থেকে 2022 এর জন্য একটি কোভিড-19 বুস্টার ভ্যাকসিন প্রোগ্রাম সম্পর্কিত JCVI বিবৃতি - GOV.UK \(www.gov.uk\)](#) এটি সুপারিশ করে যে, "যে সকল ব্যক্তি কোভিড-19 এর টিকাদান কার্যক্রমের ফেজ 1 (অগ্রাধিকারভুক্ত গ্রুপ 1 থেকে 9) -এ টিকা গ্রহণ করেছে, তাদেরকে কোভিড-19 এর বুস্টার টিকার তৃতীয় একটি ডোজ প্রদান করা উচিত। এতে অন্তর্ভুক্ত:

- যারা বয়োবৃদ্ধদের জন্য আবাসিক কেয়ার হোমে থাকেন
- 50 বা তদুর্ধ্ব বয়সী সকল প্রাপ্তবয়স্ক
- সম্মুখ সারির স্বাস্থ্য ও সোশ্যাল কেয়ারে নিয়োজিত কর্মীগণ
- 16 থেকে 49 বছর বয়সী সেসকল ব্যক্তির যাদের অন্তর্নিহিত স্বাস্থ্য সমস্যা রয়েছে যা তাদেরকে গুরুতর কোভিড -19 এর উচ্চ ঝুঁকিতে রাখে (যেটি বিস্তারিত গ্রীন বুক -এ বলা আছে: [কোভিড-19: দ্য গ্রীন বুক, অধ্যায় 14a - GOV.UK \(www.gov.uk\)](#)), এবং প্রাপ্তবয়স্ক কেয়ারার
- দুর্বল রোগ-প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ব্যক্তিদের সংস্পর্শে থাকা প্রাপ্তবয়স্ক পরিবারবর্গ (16 বা তদুর্ধ্ব বয়সী)"

যদি এটি আপনার জন্য সুপারিশ করা হয়, তবে আপনার দ্বিতীয় ডোজের কমপক্ষে 6 মাস পরে NHS কর্তৃক আপনাকে আপনার টিকা বুক করার জন্য আমন্ত্রণ আসবে।

আমি বুঝতে পারি যে, আপনার হয়তো উদ্বেগ থাকতে পারে এবং প্রত্যেকেই নিজেদের ঝুঁকির ব্যাপারে বিভিন্ন রকম অনুভব করবে, বিশেষ করে যারা টিকা নিলেও হয়তো তুলনামূলকভাবে কম নিরাপদ থাকবে।

যদি আপনার রোগ-প্রতিরোধ ক্ষমতা দুর্বল হয় এবং আপনার জন্য এর মানে কী - সে ব্যাপারে আপনার কোন রকম উদ্বেগ থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার বিশেষজ্ঞ চিকিৎসকের সাথে আপনার পরবর্তী **রুটিন অ্যাপসর্গ** মেটে এই ব্যাপারে কথা বলুন। আপনার সংক্রমণের ঝুঁকি আরো কমিয়ে আনার জন্য যেকোনো বাসতি উদ্যোগ গ্রহণ করার ব্যাপারে তারা আপনাকে সহায়তা এবং নির্দেশনা প্রদান করতে পারবে। সুরক্ষিতভাবে থাকার বিষয়গুলোর ব্যাপারে আপনার GP আপনাকে পরামর্শ প্রদানে সক্ষম হতে পারে, কারণ এজন্য বিশেষজ্ঞ পর্যায়ের জ্ঞান প্রয়োজন, সুতরাং সুরক্ষিতভাবে থাকার উপায়গুলো নিয়ে প্রশ্ন করার জন্য তাদের সাথে যোগাযোগ না করতে আমি পরামর্শ দেবো। আপনার পরও সাধারণ চিকিৎসা সংশ্লিষ্ট সমস্যার ব্যাপারে GP -এর কাছে যাওয়া যাবে। আপনি যদি কোনো টিকার প্রথম কিংবা দ্বিতীয় ডোজ না নিয়ে থাকেন, তাহলে আমি বিশেষভাবে অনুরোধ করবো নিয়ে নেওয়ার জন্য, এবং আপনি যদি উপযুক্ত হন, তাহলে আপনার সময় আসলে বুস্টারের অফারটি নিয়ে নেওয়ার জন্য, যাতে তা আপনাকে সুস্থ থাকতে সাহায্য করে।

অন্যান্য চিকিৎসা

আসন্ন মাসগুলোতে আমরা আশা করছি কোভিড-19 এর নতুন নতুন চিকিৎসা সহজলভ্য হয়ে উঠবে। যখন তা হবে, তখন আমরা পরামর্শ দিতে পারবো কোন রোগীরা এর সুফল পেতে পারে।

এটি খুবই গুরুত্বপূর্ণ যে, আপনার কোভিড-19 এর উপসর্গ থাকার কারণে আপনি যদি পরীক্ষা করান, তাহলে আপনি আপনার NHS নম্বর এবং পোস্টকোড সঠিকভাবে সরকারি ওয়েবসাইটে দেবেন (যেটা এখানে পাওয়া যাবে <https://test-for-coronavirus.service.gov.uk/register-home-test>) যাতে করে আপনার পরীক্ষার ফলাফল আপনার স্বাস্থ্যের রেকর্ডের সাথে মেলে। এটি করলে তার অর্থ হবে,



আপনার যদি কোনো চিকিৎসা থেকে উপকৃত হওয়ার সম্ভাবনা থাকে, তাহলে NHS আপনার সাথে যোগাযোগ করতে পারবে।

NHS-এর সেবাসমূহের প্রাপ্যতা

নিরাপদ এবং সুস্থ থাকার জন্য আপনার যে সকল যত্ন এবং সহায়তা প্রয়োজন, সেগুলো পাওয়া অব্যাহত থাকা আপনার জন্য গুরুত্বপূর্ণ। আপনার বর্তমান স্বাস্থ্যের অবস্থা এবং নতুন কোন স্বাস্থ্যগত উদ্বেগের জন্য, NHS এবং অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থা থেকে আপনার চিকিৎসা সহায়তা পাওয়া অব্যাহত থাকা উচিত। রিপোর্ট প্রেসক্রিপশন অর্ডার করা অথবা একটি অনলাইন কন্সাল্টেশনের মাধ্যমে আপনার হেলথ প্রফেশনালের সাথে যোগাযোগ করা সহ, আপনি NHS -এর বিভিন্ন পরিষেবার পরিষেবা ঘরে থেকেই পেতে পারেন। আরও জানতে www.nhs.uk/health-at-home ভিজিট করুন, অথবা NHS অ্যাপটি ডাউনলোড করুন। আপনার যদি কোনো জরুরী চিকিৎসা সেবা প্রয়োজন হয়, আপনি অনলাইনে NHS 111 online, এ সহায়তা ও স্থানীয় পরিষেবা পেতে পারেন, অথবা ইন্টারনেট ব্যবহার না করতে পারলে NHS 111 - এ ফ্রি কল করতে পারেন। মেডিক্যাল ইমার্জেন্সির জন্য 999 ডায়াল করুন।

মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সহায়তা

এছাড়াও আপনার মানসিক স্বাস্থ্যের যত্ন নেওয়াও সত্যি গুরুত্বপূর্ণ। আপনার সুস্থ জীবনযাপনে সহায়তা এবং আপনার মানসিক স্বাস্থ্য রক্ষার জন্য আপনি যে বিভিন্ন পদক্ষেপগুলো নিতে পারেন সেগুলো সম্পর্কে পরামর্শ পেতে আপনি [এভরি মাইন্ড ম্যাট্টার্স](http://www.nhs.uk/every-mind-matters) ওয়েবসাইটে (www.nhs.uk/every-mind-matters) যেতে পারেন। আপনি [হাব অফ হোপ](http://www.hubofhope.co.uk) (www.hubofhope.co.uk) এও যেতে পারেন, যেখানে আপনার পোস্ট-কোড দিলে, এটি আপনাকে আপনার অঞ্চলে প্রাপ্তিসাধ্য সহায়তা সম্পর্কে জানাবে।

আপনি নিজে বা আপনার তত্ত্বাবধানে থাকা কেউ যদি মানসিক স্বাস্থ্য সঙ্কটে ভুগে থাকেন, তবে আমি আপনাকে তাৎক্ষণিকভাবে একজন হেলথ প্রফেশনালের সাথে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। আপনার মানসিক স্বাস্থ্য নিয়ে নিয়মিতভাবে কথা বলার মতো কোন হেলথ প্রফেশনাল যদি আপনার না থাকে, তবে দেশের প্রতিটি অঞ্চলে বিনামূল্যে NHS 24/7 সংকটকালীন হটলাইন সহায়তা আছে। এখানে আপনি আপনার স্থানীয় পরিষেবা পাবেন:

<https://www.nhs.uk/service-search/mental-health/find-an-urgent-mental-health-helpline>

অথবা 'NHS crisis lines' লিখে সার্চ দিলেই পাবেন।

আপনার স্থানীয় কাউন্সিল হয়তো সহায়ক নেটওয়ার্ক বা হাব পরিচালনা করে থাকে, এবং আপনার অঞ্চলে হয়তো দ্রুত সহায়তাও থাকতে পারে যা আপনাকে প্রয়োজনীয় যেকোনো অতিরিক্ত সহায়তা প্রদান করতে পারে। আপনার স্থানীয় কাউন্সিল -এর ওয়েবসাইটে এই ব্যাপারে আরো তথ্য থাকবে।

বিধিনিষেধ শিথিল হয়ে এলেও, অনেক মানুষই তখনো একাকী ও বিচ্ছিন্ন অনুভব করবে, সুতরাং আপনি অথবা আপনার পরিচিত কেউ একাকীত্ব অনুভব করলে এই ব্যাপারে পদক্ষেপ নেয়া, অন্য যেকোনো সময়ের চেয়ে বেশি জরুরী হবে। পরামর্শ এবং সহায়তা পেতে ভিজিট করুন

<https://letstalkloneliness.co.uk/>

NHS ভলান্টিয়ার রেস্পন্ডারস কেনাকাটা, ঔষধপত্র অথবা অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র বাসায় এনে দেওয়া, এবং মেডিক্যাল অ্যাপয়েন্টমেন্টের জন্য পরিবহনসেবা দেওয়ার মতো বিষয়গুলো দিয়ে সহায়তা করার জন্য প্রস্তুত আছে। তারা নিয়মিত, বন্ধুত্বপূর্ণ ফোন কলও দিতে পারে। আরো তথ্য



Department of Health & Social Care

পাওয়া যাবে এখানে www.nhsvolunteerresponders.org.uk, অথবা আপনি 0808 196 3646 নম্বরে সকাল ৮ টা থেকে রাত ৮ টার মধ্যে কল দিতে পারেন।

অন্যান্য সহায়তা

আমি জানি যে কোভিড-19 মহামারীটি আপনার জীবনের অনেক ক্ষেত্রে হয়তো উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে, বিশেষত যখন আপনাকে সুরক্ষিতভাবে থাকার পরামর্শ দেওয়া হয়েছিল। আপনি যদি আর্থিকভাবে অথবা কর্মক্ষেত্রে ফিরে আসার ব্যাপারে কষ্ট করে থাকেন, তাহলে উপযুক্ততার যোগ্যতা সাপেক্ষে অনেক রকমের পরিষেবা রয়েছে যেগুলো উপকারী হতে পারে।

অ্যাক্সেস টু ওয়ার্ক এমন ব্যক্তিদের বাস্তব সহায়তা প্রদান করতে পারে যাদের এমন বাস্তব সমস্যা রয়েছে যা তাদের কাজ করার ধরণকে প্রভাবিত করে। স্কিমটি সেই সকল মানুষদের সহায়তা প্রদান করতে পারে, মানসিক স্বাস্থ্য সহায়তা সহ, যারা সাময়িক ছুটি কাটিয়ে বা সুরক্ষিত অবস্থায় থাকার পরে কর্মক্ষেত্রে ফিরে আসছেন এবং সেই সকল মানুষদের জন্য কর্মক্ষেত্রে আসার পথের পরিবহনের ক্ষেত্রে সহায়তা করতে পারে যারা আর নিরাপদভাবে গণপরিবহনে ভ্রমণ করতে পারবেন না। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে ভিজিট করুন: www.gov.uk/access-to-work।

আপনি যদি আর্থিকভাবে কষ্টে থাকেন, তাহলে আপনি ইউনিভার্সেল ক্রেডিট বা এমপ্লয়মেন্ট সাপোর্ট অ্যালাওয়েন্স -এর জন্য আবেদন করার যোগ্য হতে পারেন। বেশি স্টম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন: www.gov.uk/financial-help-disabled।

21^শ জুন সরকারের অবহিতকরণের উপর ভিত্তি করে সুপারমার্কেটগুলো চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন অবস্থায় থাকা ব্যক্তিদের সুপারমার্কেট স্লটে অগ্রাধিকারের ভিত্তিতে অ্যাক্সেস প্রদান বন্ধ করে দেয়। তবে, সুপারমার্কেট স্লটে অগ্রাধিকারের ভিত্তিতে অ্যাক্সেস প্রদানের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন সুপার মার্কেটের নিজস্ব নীতি থাকতে পারে।

আপনার সহায়তার প্রয়োজন হলে আপনার স্থানীয় কাউন্সিলও সাহায্য করতে পারে। আপনি এখানে আপনার স্থানীয় কাউন্সিল খুঁজে পেতে পারেন: www.gov.uk/find-local-council।

আপনি ACAS কর্তৃক প্রকাশিত হাইব্রিড ওয়ার্কিং এর বিষয়ে ফ্লেক্সিবল ওয়ার্কিং টাস্ক-ফোর্সের সাথে একত্রে বিকশিত পরামর্শও পেতে পারেন এখানে: www.acas.org.uk/hybrid-working।

আপনার ডেটা

সুরক্ষিতভাবে থাকার সময়কালে, আপনি হয়তো সহায়তা পাওয়ার জন্য ন্যাশনাল শিল্ডিং সার্ভিস সিস্টেমে আপনার বিবরণ নিবন্ধিত করেছেন; এটি এখন শেষ হয়েছে। সুরক্ষিতভাবে থাকার প্রোগ্রামটি শেষ করার সিদ্ধান্তের সাথে সামঞ্জস্য রেখে, এই পরিষেবার গোপনীয়তা বিজ্ঞপ্তিটি আপডেট করা হয়েছে। আপনি যদি আপনার ব্যক্তিগত ডেটা সম্পর্কে আরো জানতে চান, তাহলে অনুগ্রহ করে আপডেটকৃত গোপনীয়তা বিজ্ঞপ্তিটি এখানে দেখুন: www.gov.uk/coronavirus-shielding-support।

NHS ডিজিটাল রোগীদের এবং তাদের চিকিৎসার ক্লিনিক্যাল রেকর্ড, যথাযথ তথ্য পরিচালনার সকল শর্তাদি অনুসারে রক্ষণাবেক্ষণ করে। NHS ডিজিটাল কীভাবে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করে সে সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে তাদের ট্রান্সপারেন্সি নোটিশটি এখানে দেখুন:

digital.nhs.uk/coronavirus/shielded-patient-list/shielded-patient-list-transparency-notice।

আমি জানি যে মহামারীটি সবার জন্য একটি কঠিন সময় ছিল এবং আমি স্বীকার করি যে যদি আপনাকে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করার পরামর্শ দেওয়া হয়ে থাকে তাহলে তা বিশেষভাবে কঠিন ছিল। সেই সময়ে আমাদের কাছে থাকা তথ্যের উপর ভিত্তি করে আপনাকে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন গ্রুপে আপনাকে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নেওয়া



Department
of Health &
Social Care

হয়েছিল। নিজেকে এবং অন্যদের নিরাপদ রাখতে আপনার প্রচেষ্টার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাই।

আপনার একান্ত অনুগত,

RT HON সাজিদ জাভেদ এমপি

এই চিঠিটি GOV.UK-তে সহজ পঠন সহ বিভিন্ন ভাষায় এবং ফর্ম্যাটে পাওয়া যাবে।
অডিও, ব্রেইল, বড় প্রিন্টের জন্য 0303 1239999 নম্বরে RNIB কে কল করুন

Withdrawn April 2022